



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১১ অক্টোবর ২০১৭খ্রি.

নগরীর বহদারহাট থেকে কালুরঘাট ব্রিজ পর্যন্ত আরাকান সড়ক এর সংস্কার ও উন্নয়ন কাজ সরেজমিনে পরিদর্শন কালে মেয়র আ জ ম নাছির উদ্দীন নগরীর হতদরিদ্র, দরিদ্র ও অস্বচ্ছল জনগোষ্ঠীর হোল্ডিং ট্যাক্স ও রেইট সম্পূর্ণ মওকুফ করার সিদ্ধান্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশন গ্রহণ করেছে

বর্ষার অতিবর্তনে এবং জোয়ারের পানিতে প্লাবিত হয়ে ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত নগরীর বহদারহাট থেকে কালুরঘাট ব্রিজ পর্যন্ত আরাকান সড়ক এর সংস্কার ও উন্নয়ন কাজ চলছে। গত ২৮ সেপ্টেম্বর থেকে চলমান উন্নয়ন কাজ আজ ১১ অক্টোবর ২০১৭ খ্রি. বুধবার, দুপুর ১২ টা থেকে ২ টা পর্যন্ত সরেজমিনে পরিদর্শন করলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ও সাংসদ মঈন উদ্দিন খান বাদল। ৬ কিলোমিটার দৈর্ঘ্যের এই সড়কটির একপাশে ওয়াসার পাইপ লাইন বসানো হচ্ছে। অপরপাশে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের নিজস্ব ইকুইপম্যান্ট এবং প্ল্যান্টের মাধ্যমে তৈরী মালামাল দ্বারা সড়ক সংস্কার ও উন্নয়ন করা হচ্ছে। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন নাগরিক দুর্ভোগ লাঘবে দ্রুত কাজটি সম্পাদনের লক্ষ্যে প্রকৌশল বিভাগের সাথে ঠিকাদারের নিয়োগকৃত শ্রমিকদের দিয়ে উন্নয়ন কাজ সম্পাদন করা হচ্ছে। মেয়র ও সাংসদ সরেজমিনে পরিদর্শনকালে স্থানীয় জনগনের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়ে আ জ ম নাছির উদ্দীন বলেন, অতিবর্তন এবং জোয়ারের পানির প্রভাবে নগরীর প্রধান সড়ক সহ সকল সড়ক ক্ষতিগ্রস্ত হয়েছে। ক্ষতিগ্রস্ত সড়ক সমূহ মেরামত, সংস্কার ও উন্নয়নে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়েছে। সীমাবদ্ধতা সত্ত্বেও নাগরিক স্বার্থকে প্রাধান্য দিচ্ছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন। তিনি বলেন, আবহাওয়া অনুকূলে থাকলে আগামী দুই-এক সপ্তাহের মধ্যে সড়ক সংস্কার কাজ সমাপ্ত করা সম্ভব হবে। প্রসঙ্গক্রমে মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরবাসীর প্রদেয় ট্যাক্সের উপর ভিত্তি করে নাগরিক সেবা দেয়া হয়। অবকাঠামোগত উন্নয়ন, ভবন নির্মাণ, সড়ক নির্মাণ ও উন্নয়ন, সংস্কার, মেরামত ও নালা নর্দমা নির্মাণ, আলোকায়ন, আবর্জনা অপসারণ, শিক্ষা ও স্বাস্থ্য সেবা সবই নাগরিকদের প্রদেয় ট্যাক্সের উপর নির্ভর করে। বিধিবদ্ধ আইন ও বিধান মেনে এবং সরকারের গেজেট বিজ্ঞপ্তির উপর ভিত্তি করে নগরবাসীর উপর গৃহকর ও রেইট নির্ধারিত হয়। চলতি বছর পঞ্চ বার্ষিকী কর পুনঃমূল্যায়ন পরিচালিত হয়েছে। এক্ষেত্রে নাগরিকদের আপত্তি/আপিল করার সুযোগ দেয়া আছে। আগামী ১১ নভেম্বর পর্যন্ত এ সুযোগ বর্ধিত করা হয়েছে। আপিল বোর্ড সম্মানিত হোল্ডারদের মতামত বিবেচনা করে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করবে। কারোর ওজর আপত্তি থাকলে আপিল বোর্ডে পেশ করতে পারবেন। সহনীয় পর্যায়ে হোল্ডিং ট্যাক্স নির্ধারিত হবে। কোন নাগরিক এর উপর জুলুম করার ইচ্ছা ও আগ্রহ কোনটাই সিটি কর্পোরেশনের নেই। নগরীর হতদরিদ্র, দরিদ্র ও অস্বচ্ছল জনগোষ্ঠীর হোল্ডিং ট্যাক্স ও রেইট সম্পূর্ণ মওকুফ করার সিদ্ধান্ত চট্টগ্রাম সিটি কর্পোরেশন গ্রহণ করেছে। মেয়র আশা করেন, নাগরিক সেবার স্বার্থে সম্মানিত নাগরিকবৃন্দ নিয়মিত হোল্ডিং ট্যাক্স প্রদান করবেন। মেয়র ও স্থানীয় সাংসদকে সাথে নিয়ে বহদারহাট থেকে কালুরঘাট ব্রিজ পর্যন্ত রাস্তার বর্তমান অবস্থা সরেজমিনে প্রত্যক্ষ করেন। কালুরঘাট ব্রিজের পাশে মেয়র একটি যাত্রী ছাউনি উদ্বোধন করেন। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলর সাইফুদ্দিন খালেদ, মোহাম্মদ আযম, মোবারক আলী, তত্তাবধায়ক প্রকৌশলী কামরুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী এস এম আইয়ুব, আহমদুল হক, সুদীপ বসাক, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম ও চসিক এর অন্যান্য কর্মকর্তা সহ স্থানীয় আওয়ামীলীগ অঙ্গ ও সহযোগী সংগঠনের বিপুল সংখ্যক নেতা-কর্মী উপস্থিত ছিলেন। দীর্ঘ ৪০ দিন নিজ বাসভবনে চিকিৎসাধীন থাকার পর মেয়র আ জ ম নাছির উদ্দীন আজই প্রথম ঘরের বাইরে নাগরিক সেবার স্বার্থে বের হয়ে সড়ক পরিদর্শন করলেন। বহদারহাট থেকে কালুরঘাট পর্যন্ত ১০ টি স্থানে স্থানীয় জনতা ও দলীয় নেতা-কর্মীরা মেয়রকে স্বাগত জানান।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা